

চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

জেলা-চুয়াডাঙ্গা।

স্মারক নং- চুয়াঃ/পৌঃ/স্থায়ী কমিটি গঠন-৩/২৪-২০১৮/২০২১/২২৬

তারিখ-১৬-০২-২০২১ খ্রিঃ।

প্রজ্ঞাপন

স্থানীয় সরকার বিভাগ, পৌর -১ শাখার ইং ০২-০১-২০১৩ তারিখের ৪৬.০৬৩..০২২.০১.০০.০০১.২০১২(অংশ-৩)-০৭ নং স্মারকে স্থানীয় সরকার (পৌরসভা) আইন- ২০০৯ এর ৫৬(১) ধারার বিধান মোতাবেক আড়াই বছর মেয়াদ নির্ধারণ করে পৌরসভার স্থায়ী কমিটি গঠন ও কমিটির কার্যাবলী সংক্রান্ত উপ-আইন মালা প্রণয়ন করেছে। বিধি মালা অনুসরণ করে অত্র পৌরসভার “নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন” বিষয়ক স্থায়ী কমিটি পুনঃ গঠন করা হ’ল :


(ঘ) নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি

ক্রঃ নং	নাম	পদবী	কমিটিতে পদবী
০১	জনাব মোঃ কামরুজ্জামান(চাঁদ)	কাউন্সিলর, ওয়ার্ড নং ০৯	সভাপতি
০২	জনাব জাহাঙ্গীর আলম মালিক	মেয়র	সদস্য(পদার্থিকার বলে)
০৩	জনাব মোঃ ফরজ আলী শেখ	কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬	সদস্য
০৪	জনাবা মোছাঃ শাহিনা আক্তার	কাউন্সিলর, সংরক্ষিত আসন-১,২,৩	সদস্য
০৫	জনাবা সুলতানা আঞ্জু	কাউন্সিলর, সংরক্ষিত আসন-৪,৫,৬	সদস্য

জনাব মোঃ হাফিজুর রহমান কাওছার, সহকারী প্রকৌশলী, চুয়াডাঙ্গা পৌরসভা অত্র কমিটিতে সাচিবিক দায়িত্ব পালন করবেন।

২) কমিটির কার্যপরিধি (TOR) নিম্নরূপ :-

- ২.১। পৌর এলাকার জন্য একটি মহাপরিকল্পনা প্রণয়ন ও উক্ত মহাপরিকল্পনা কার্যকর করিতে সহায়তা করা। এই ধরনের মহাপরিকল্পনা প্রণয়নের যে বিষয়গুলি বিশেষভাবে বিবেচনায় রাখিতে হইবে-
 - ক) পৌর এলাকার ইতিহাস ও ঐতিহ্য, পরিসংখ্যান, জনসেবামূলক এবং অন্যান্য বিষয়াদি বিবরণ সম্বলিত একটি জরিপ পরিচালনা করা।
 - খ) পৌর এলাকার কোন কোন স্থান বা এলাকার উন্নয়ন ও সম্প্রসারণ করা দরকার তাহার একটি মানচিত্র প্রস্তুত করা।
 - গ) প্রাকৃতিক পরিবেশ বাজায় রাখার জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণে পৌর পরিষদকে পরামর্শ প্রদান করা।
 - ঘ) সুসম উন্নয়নের স্বার্থে পৌর এলাকার কোন অঞ্চলের অহেতুক অবকাঠামোগত সম্প্রসারণ নিয়ন্ত্রণ করা।
 - ঙ) অবকাঠামো ও নাগরিক সেবা উন্নয়নে পৌর আইনের যথাযথ প্রয়োগ নিশ্চিত করতে সকলকে পরামর্শ প্রদান করা।
 - চ) অবকাঠামো ও নাগরিক সেবা উন্নয়নে পৌর আইনের যথাযথ প্রয়োগ নিশ্চিত করতে সকলকে পরামর্শ প্রদান করা।
- ২.২। সকল প্রকার নাগরিক সুবিধা প্রদানের লক্ষ্যে পৌর এলাকার রাস্তা ও অন্যান্য এলাকায় বৃক্ষ রোপন, পরিচর্যা উদ্যান নির্মাণ, রক্ষণাবেক্ষণ, খোলা জায়গার ব্যবস্থা, পুকুর নিষ্কাশন, রক্ষণাবেক্ষণে পৌর-কর্তৃপক্ষকে সহায়তা প্রদান।
- ২.৩। বিভিন্ন প্রকার উন্নয়ন কর্মকান্ড চিহ্নিত করে তা গ্রহণ ও রাস্তাবায়নে পৌর পরিষদকে পরামর্শ প্রদান করা এবং চলমান প্রকল্প রাস্তাবায়নে সকলকে সহায়তা করা।
- ২.৪। পৌরসভার অবকাঠামো তালিকা প্রণয়ন ও বেইজ ম্যাপ ব্যবহার পূর্বক অবকাঠামো উন্নয়নে পৌরসভাকে সহায়তা প্রদান।
- ২.৫। ইমারত নির্মাণ ও পূর্ণ : নির্মাণের যাবতীয় কর্মকান্ড পরিবীক্ষণ করা, বিশেষত: বিল্ডিং কোড ব্যবহার নিশ্চিত করা।
- ২.৬। জেলা সদরের পৌরসভার ক্ষেত্রে নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর এবং অন্যান্য পৌরসভার কো-অপট করিতে পারিবে(যে ক্ষেত্রে যাহা প্রযোজ্য)।
- ২.৭। অন্যান্য সংশ্লিষ্ট বিষয়াদি।


(জাহাঙ্গীর আলম মালিক)
মেয়র

চুয়াডাঙ্গা পৌরসভা।

ফোন : ০৭৬১-৬২২৮১

E-mail mayor16cp@gmail.com

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে-

০১. প্রকল্প পরিচালক, UGIIP-III, এলজিইডি ভবন, শেরে-ই-বাংলা নগর, ঢাকা।

০২. জনাব. সভাপতি/সদস্য,
নগর পরিকল্পনা, নাগরিক সেবা ও উন্নয়ন বিষয়ক কমিটি, চুয়াডাঙ্গা পৌরসভা।